

## ক্যাম্পাস

### বুটেক্সে উদ্ভাবন ও গবেষণা প্রতিযোগিতা ‘টেক্সভার্স’ অনুষ্ঠিত

লেখা: মাহবুব আলম রিয়াজ

প্রকাশ: ২৫ অক্টোবর ২০২৫, ১৭: ৩৫



‘টেক্সভার্স’ আয়োজনে উচ্ছসিত ছিলেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ছবি লেখক

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে (বুটেক্স) অনুষ্ঠিত হয়েছে আন্তঃবিশ্ববিদ্যালয় টেক্সটাইল উদ্ভাবন ও গবেষণা প্রতিযোগিতা ‘টেক্সভার্স’। গতকাল শুক্রবার (২৪ অক্টোবর) দিনব্যাপী প্রতিযোগিতাটি আয়োজিত হয়। দীর্ঘ ছয় বছর বুটেক্স সায়েন্স ক্লাবের কার্যক্রম বন্ধ থাকার পর এ বছর ক্লাবের পুনর্গঠনের পর এ প্রতিযোগিতায় ক্যাম্পাসে বাড়তি মাত্রা যোগ করে।

দেশের তরুণ প্রজন্মকে টেক্সটাইল খাতে গবেষণা, উদ্ভাবন ও সৃজনশীল চিন্তাধারার প্রতি উৎসাহিত করা এবং শিক্ষার্থীদের গবেষণামুখী দক্ষতা বিকাশে সুযোগ করে দেওয়া এ প্রতিযোগিতার মূল উদ্দেশ্য ছিল।

এ আয়োজনে দেশের প্রায় ৩০টি বিশ্ববিদ্যালয় ও ইনস্টিটিউশনের শিক্ষার্থীরা অংশ নেন। প্রতিযোগিতাটি ছয়টি বিভাগে সম্পন্ন হয়। এগুলো হলো—পোস্টার প্রেজেন্টেশন, আর্টিকেল রাইটিং, প্রজেক্ট এক্সিবিশন, টেক্সটাইল অলিম্পিয়াড (সিনিয়র ও জুনিয়র ক্যাটাগরি), ভিডিও কমপিটিশন এবং ট্রেজার হান্ট।

বিচারকেরা অংশগ্রহণকারীদের গবেষণাধর্মী উপস্থাপনা ও উদ্ভাবনী চিন্তার ভিত্তিতে মূল্যায়ন করেন। প্রতিটি বিভাগে চ্যাম্পিয়ন, প্রথম রানারআপ ও দ্বিতীয় রানারআপ ঘোষণা করা হয়।

পোস্টার প্রেজেন্টেশন ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন, প্রথম রানারআপ এবং দ্বিতীয় রানারআপ যথাক্রমে টিম ওয়াটার হায়াসিস্ত, টিম এমিথিস্ট ও টিম ড্রপিং-২। প্রজেক্ট এক্সিবিশন ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন, প্রথম রানারআপ এবং দ্বিতীয় রানারআপ যথাক্রমে টিম এরিজ, টিম ইকোফ্লেইম পং ও টিম গিয়ার সিফটার্স।

টেক্সটাইল অলিম্পিয়াডে (সিনিয়র ক্যাটাগরি) চ্যাম্পিয়ন, প্রথম রানারআপ এবং দ্বিতীয় রানারআপ যথাক্রমে নাজরানা মেহনাজ দিবা, মো. সাদমান ওয়াসিফ ও ইশতিয়াক আল আমিন। টেক্সটাইল অলিম্পিয়াডে (জুনিয়র ক্যাটাগরি) চ্যাম্পিয়ন, প্রথম রানারআপ এবং দ্বিতীয় রানারআপ যথাক্রমে চৌধুরী আজমিন মাহমুদ, মো. আবদুন নূর ও মো. নূর হোসেন রাব্বি।

ভিডিও কমপিটিশন ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন এবং প্রথম রানারআপ যথাক্রমে টিম স্পানডেক্স ও টিম পেপার উইভার্স। ট্রেজার হান্ট ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন, প্রথম রানারআপ এবং দ্বিতীয় রানারআপ যথাক্রমে মিস্ত্রি ভয়েজার্স, দ্য এজওয়াকার্স ও টিম অরাম।

অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. জুলহাস উদ্দিন। এ ছাড়া উপস্থিত ছিলেন ইনস্টিটিউশন অব টেক্সটাইল ইঞ্জিনিয়ার্স অ্যান্ড টেকনোলজিস্ট (আইটিইটি)-এর সদস্য সচিব ইঞ্জিনিয়ার মো. এনায়েত হোসেন, ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি)-এর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ডিভিশনের সহসভাপতি ইঞ্জিনিয়ার সাইদুর রহমান, র্যাডিক্যাল ডিজাইন লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা ইঞ্জিনিয়ার এ কে এম মোহসিন আহমেদ, আরএইচ করপোরেশনের নির্বাহী পরিচালক এ এস এম হাফিজুর রহমান নিক্কন এবং ইঞ্জিনিয়ার এ টি এম শামসুদ্দিন খান।

টেক্সটাইল খাতে গবেষণার গুরুত্ব বিশেষভাবে তুলে ধরে অনুষ্ঠানে উপাচার্য মো. জুলহাস উদ্দিন বলেন, বাংলাদেশের টেক্সটাইল খাতে গবেষণার পরিমাণ এখনো তুলনামূলক কম। তাই দেশের যেসব বিশ্ববিদ্যালয়ে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ রয়েছে, তাদের গবেষণামুখী উদ্যোগে আরও এগিয়ে আসতে হবে। তিনি তরুণ প্রজন্মকে বিজ্ঞানমনস্ক হওয়ারও আহ্বান জানান।

ক্লাবের সভাপতি মো. নাহিদ হাসান বলেন, টেক্সটার্স ২০২৫ আয়োজনের মাধ্যমে বুটেক্স সায়েন্স ক্লাব শিক্ষার্থীদের গবেষণা ও উদ্ভাবনে সম্পৃক্ত করার চেষ্টা করেছে। ভবিষ্যতেও আমরা এমন উদ্যোগ অব্যাহত রাখব।

দিনব্যাপী উৎসবমুখর এই আয়োজনে বুটেক্স ক্যাম্পাস ছিল প্রাণবন্ত। শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ, সৃজনশীল উপস্থাপন ও উদ্ভাবনী মনোভাব আয়োজনে যুক্ত করেছে নতুন মাত্রা।

---

